আগামীর জাতীয় নির্বাচন গণতন্ত্রর জন্য চ্যালেঞ্জ স্বরূপ : আব্দুল হাকিম চৌধুরী

চেম্বার ডেস্ক: সিলেট জেলা বিএনপির সাবেক সহ-সভাপতি ও সাবেক গোয়াইনঘাট উপজেলা চেয়ারম্যান আব্দুল হাকিম চৌধুরী বলেন, ৫ আগস্ট ছাত্র-জনতার গণ অভ্যুত্থানে ফ্যাসিবাদী শক্তির পতন হলেও তাদের ষড়যন্ত্র থেমে থাকেনি। পতিত ফ্যাসিস্টরা নানা ষড়যন্ত্রে লিপ্ত রয়েছে। আগামী জাতীয় নির্বাচনের আগ পর্যন্ত তাদের ষড়যন্ত্রের ব্যাপারে দেশপ্রেমিক জনতাকে সজাগ থাকতে হবে। মনে রাখতে হবে আগামীর জাতীয় নির্বাচন শুধু জাতীয়তাবাদী শক্তিই নয়, দেশের গণতন্ত্রের জন্য চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। দেশপ্রেমিক জনতাকে সাথে নিয়ে সেই চ্যালেঞ্জ মোকাবেলা করতে হবে।

তিনি বৃহস্পতিবার (১০ জুলাই) জৈন্তাপুর উপজেলার চারিকাটা ইউনিয়নে বিএনপির কর্মীসভায় প্রধান অতিথির বক্তব্যে উপরোক্ত কথা বলেন। স্থানীয় চারিকাটা ইউনিয়ন পরিষদ মাঠে তারেক রহমান ঘোষিত রাষ্ট্র কাঠামো মেরামতের ৩১ দফার লিফলেট বিতরণ উপলক্ষে অনুষ্ঠিত কর্মীসভায় বিএনপি অঙ্গ ও সহযোগি সংগঠনের বিভিন্ন পর্যায়ের বিপুল সংখ্যক নেতাকর্মী উপস্থিত ছিলেন।
চারিকাটা ইউনিয়ন বিএনপির সভাপতি হেলাল উদ্দিনের সভাপতিত্বে, জৈন্তাপুর উপজেলা বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক আলতাফ হোসেন বেলাল ও ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক জালাল উদ্দীনের যৌথ পরিচালনায় অনুষ্ঠিত কর্মীসভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জৈন্তাপুর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক হাফিজ উদ্দিন, গোয়াইনঘাট উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক জসিম উদ্দিন, জৈন্তাপুর উপজেলা বিএনপির সাবেক আহবায়ক এবিএম জাকারিয়া, সাংগঠনিক সম্পাদক ইন্তাজ আলী চেয়ারম্যান, সাবেক চেয়ারম্যান আলমগীর হোসেন, জেলা ছাত্রদলের যুগ্ম সম্পাদক আনোয়ার হোসেন সুজন, উপজেলা ছাত্রদলের আহবায়ক নাসির উদ্দীন।

কর্মীসভায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন- উপজেলা যুবদলের যুগ্ম আহবায়ক সাব্বির আহমেদ, আজমল হোসেন, জেলা ছাত্রদলের সহ-সাংগঠনিক সম্পাদক মুমিন আহমেদ, যুবদল নেতা নুরুল হক, জেলা ছাত্রদলের সদস্য এম ইউ জাহাঙ্গীর, বুরহান উদ্দিন, সাহেদ আহমেদ, রুহুল আমিন রাজ,

জৈন্তা কলেজ ছাত্রদলের সাধারণ সম্পাদক রাহিম উদ্দিন ও ছাত্রদল নেতা জুবের প্রমূখ।